গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নিকলী, কিশোরগঞ্জ।
dss.nikli.kishoreganj.gov.bd

দেশের দুঃস্থ, অবহেলিত, পশ্চাৎপদ, দারিদ্র্য, এতিম, প্রতিবন্ধী এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়নমূলক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত অধিদফতর সমূহের মধ্যে সমাজসেবা অধিদফতর অন্যতম জাতিগঠনমূলক দপ্তর। সমাজসেবা অধিদফতর সাংবিধানিক অঙ্গীকার, দেশের প্রচলিত আইন ও বিধি-বিধান, প্রেক্ষিত পরিকল্পনা, জাতীয় দারিদ্র্য হ্রাসকরণ কৌশলপত্র, ভিশন-২০৪১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং সরকার অনুসৃত নীতিমালা অনুসরণপূর্বক মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য হ্রাসকরণ, সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং অন্যান্য সমাজকল্যাণমূলক কার্যক্রমসমূহ ব্যাপক ও বহুমাত্রিকভাবে বাস্তবায়ন করছে।

## এক নজরে উপজেলা সমাজসেবা কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ এর কর্মসূচি পরিচিতি

### (ক) সামাজিক ও প্রান্তিক নিরাপত্তা কর্মসূচিঃ

উপজেলা সমাজসেবা কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, বেসরকারি এতিমখানার এতিম শিশুদের ক্যাপিটেশন গ্রান্ট প্রদান ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রান্তিক জনগোষ্ঠীর নিরাপত্তা কর্মসূচির আওতায় অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তাসহ ইত্যাদি কর্মসূচি বাস্তবায়ন করছে। এ সকল কর্মসূচিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন ভাতা, শিক্ষা উপবৃত্তি, আর্থিক অনুদান বাবদ সর্বমোট **৩৪,৭৯৮** জন উপকারভোগীর মধ্যে সর্বমোট = **১১,৮৪,৮৩,০৯৭/-** ( এগার কোটি চুরাশি লক্ষ তিরাশি হাজার সাতানব্বই) টাকার আর্থিক সেবা প্রদান করা হবে।

### সামাজিক ও প্রান্তিক নিরাপত্তা কর্মসূচি ছক আকারে উপস্থাপন

| ক্র নং | কর্মসূচির নাম | | উপকারভোগীর সংখ্যা | মাসিক ভাতার হার (জন প্রতি) | ব্যয়িত অর্থ (২০২৩-২০২৪) |
|---|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা | | ৭১৯০ জন | ৬০০/- | ৫,১৭,৬৮,০০০/- |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | | ৩৮৯১ জন | ৫৫০/- | ২,৫৬,৮০৬০০/- |
| ৩ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা | | ২৮৩৩ জন | ৮৫০/- | ২,৮৮,৯৬৬০০/- |
| ৪ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি | | প্রাথমিক- ২৬ জন<br>মাধ্যমিক- ২২জন<br>উচ্চ মাধ্য - ০১জন<br>উচ্চতর- ০ জন | প্রাথমিক- ৯০০/-<br>মাধ্যমিক- ৯৫০/-<br>উচ্চ মাধ্যমিক- ৯৫০/-<br>উচ্চতর স্তর- ১৩০০/- | ২,৮০,৮০০/-<br>২,৫০,৮০০/-<br>১১,৪০০/-<br>০ |
| ৫ | বেসরকারি এতিমখানার এতিম শিশুদের ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান কার্যক্রম | | প্রাথমিক- ০৮ জন | ২০০০/- | ১,৯২,০০০/- |
| ৬ | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি (বিশেষ ভাতা) | | ০৩ জন | ৬০০/- | ২১,৬০০/- |
| ৭ | অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | বিশেষ ভাতা | ৬৬ জন | ৫০০/- | ৩৯,৬০০০/- |
| | | শিক্ষা উপবৃত্তি | প্রাথমিক- ৪২ জন<br>মাধ্যমিক- ০৯ জন<br>উচ্চ মাধ্য- ০৬ জন<br>উচ্চতর- ০৪ জন | প্রাথমিক- ৭০০/-<br>মাধ্যমিক- ৮০০/-<br>উচ্চ মাধ্যমিক- ১০০০/-<br>উচ্চতর- ১২০০/- | ৩,৫২,৮০০/-<br>৮৬,৪০০/-<br>৭২,০০০/-<br>৫৭,৬০০/- |
| ৮ | বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | | ৬২ জন | ইতিপূর্বে পেশার মানোন্নয়নে জন প্রতি ১৮০০০/- অনুদান বিতরণ | ১১,১৬,০০০/- |
| ৯ | বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির তথ্য হালনাগদকরণ | | ৬০০ জন | বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির ৬০০ জন ব্যক্তির তথ্য এন্ট্রি করা হয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি | ১৫৮ জন | জন প্রতি ৫০,০০০/- চেক প্রদান | ৭৯,০০,০০০/- |
| ১১ | ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি | ৪৮ জন | ভ্যান গাড়ী, বাছুর, মুদি দোকান, পিঠার দোকান, হাঁসমুরগী পালন ইত্যাদি স্কীমের অনুকূলে | ৬,০৩,০০০/- |
| ১২ | রোগীকল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম | ৩৬৪ জন | আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন উপকরণ ও ঔষধ ক্রয় বাবদ সহায়তা প্রদান | ৬,৩৭,৪৯৭/- |
| ১৩ | নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার কার্যক্রম | ০৩টি | আবেদনের প্রেক্ষিতে অনুদান প্রদান | ১,৬০,০০০/- |
| ১৪ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ | ৩৪৩৯ জন | ৩৪৩৮ জন প্রতিবন্ধী ব্যাক্তিকে "সুবর্ণ নাগরিক" কার্ড প্রদান করা হয়। | |
| ১৫ | হিজড়া জনগোষ্ঠীর জরিপ | ১৩ জন | | |
| ১৬ | সামাজিক নিরাপত্তা কর্মসূচির MIS এর তথ্য এন্ট্রি ও হালনাগাদকরণ | ১৬০০৩ জন | বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত উপকারভোগীদের তথ্য এন্ট্রি করা হয়েছে। | |
| ১৭ | প্রবেশন ও আফটার কেয়ার সার্ভিসেস | ০৭ জন | ০৭ জন শিশুকে কাউন্সিলিং এর মাধ্যমে পরিবারে পুনর্বাসন করা হয়েছে। | |
| | **সর্বমোট =** | **৩৪,৭৯৮ জন** | | **১১,৮৪৮৩০৯৭/-** |

## (খ) দারিদ্র্য নিরসন কার্যক্রমঃ

উপজেলা সমাজসেবা কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ দারিদ্র্য নিরসন কার্যক্রমের আওতায় পল্লী সমাজসেবা কার্যক্রম (আর.এস.এস), পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আর.এম.সি), সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম, দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম ইত্যাদির মাধ্যমে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে। নিকলী উপজেলায় এ পর্যন্ত বিভিন্ন প্রকল্প গ্রামের আওতায় ও ব্যক্তি পর্যায়ে মোট **৪৭৬১ জন** ঋণ সুবিধা নিয়ে নিজেদের স্বাবলম্বী করার পথে এগিয়ে যাচ্ছে এবং এ ক্ষেত্রে মূল বিনিয়োগ **১,৪৬,২০,৯৬৫/-** টাকা।

**□ দারিদ্র্য নিরসন কার্যক্রম ছক আকারে উপস্থাপন**

| ক্র নং | ঋণ কার্যক্রমের নাম | মোট উপকারভোগী | মোট বরাদ্দ | টাকার উৎস |
|---|---|---|---|---|
| ০১ | পল্লী সমাজসেবা কার্যক্রম (আর.এস.এস) (রাজস্ব +৬ষ্ট পর্ব+ বিশেষ বরাদ্দ) | ১৯২৬ জন | ২৩,৬৭,৮৮৮/- | সমাজকল্যাণ মন্ত্রনালয় |
| ০২ | পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আর.এম.সি) | ১১৯৩ জন | ২৬,৫৪,২০০/- | |
| ০৩ | সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম | ১২২১ জন | ৭৮,২৫,০০০/- | |
| ০৪ | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | ৩৯৫ জন | ১৭,১৩,৮৭৭/- | |
| ০৫ | উপজেলা সমাজকল্যাণ পরিষদ | ২৬ জন | ৬০,০০০/- | সমাজকল্যাণ পরিষদ |
| | **সর্বমোট =** | **৪৭৬১ জন** | **১,৪৬,২০,৯৬৫/-** | |

## (গ) অন্যান্য কর্মসূচিঃ

উপজেলা সমাজসেবা কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ অত্র উপজেলার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহের যাবতীয় কার্যাবলি তদারকি করে। সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে অসহায়, দুঃস্থ, প্রতিবন্ধী ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন অনুদান বিতরণ, স্বাবলম্বী হওয়ার জন্য ঋণ প্রদান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের আর্থিক সহায়তা প্রদান করা হয়। রোগী কল্যাণ সমিতির মাধ্যমে দরিদ্র ও অসহায় রোগীদের বিনা মূল্যে ঔষধ ও চিকিৎসা সহায়ক উপকরণ দেয়া হচ্ছে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধীদের মধ্যে হুইল চেয়ার, ক্র্যাচ, সাদাছড়ি, হেয়ারিং এইড ইত্যাদি উপকরণ বিতরণ করা হয়। তাছাড়া অত্র কার্যালয় হতে প্রতিবন্ধীতা শনাক্তকরণ জরিপের মাধ্যমে শনাক্তকারী ডাক্তারের প্রত্যয়ন সাপেক্ষে প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র হিসেবে 'সুবর্ন নাগরিক' কার্ড প্রদান করা হয়। শিশু আইন ২০১৩, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ অনুসরণ করে সমাজকর্মীগণ শিশু সুরক্ষায় কার্যকর ভূমিকা পালন করছে। তাছাড়াও উপজেলা সমাজসেবা কার্যালয়, নিকলী বাল্যবিবাহ প্রতিরোধ, পারিবারিক সহিংসতা প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, শিশু সুরক্ষা, যৌতুক ও মাদক বিরোধী আন্দোলনসহ অন্যান্য জনসচেতনতামূলক সামাজিক কার্যক্রম সার্থকভাবে বাস্তবায়ন করছে।